মস্কোয় নিষেধাজ্ঞা আরোপ করতে পারে ব্রিটেন

লন্ডন ও ওয়াশিংটন, ১৩ মার্চ ঃ প্রাক্তন রুশ গুপ্তচর সেরগেই স্ক্রিপাল ও তাঁর মেয়ে ইউলিয়াকে হত্যার চেষ্টার ঘটনায় রাশিয়াকে দায়ী করে সে দেশের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে পারে ব্রিটেন। জাতীয় নিরাপত্তা পরিষদের বৈঠকের পর ওই ঘটনাকে রাষ্ট্রীয় সন্ত্রাস বলে চিহ্নিত করে মস্কোর উপর নিষেধাজ্ঞা আরোপের ঘোষণা হতে পারে। ৪ মার্চ সলসবেরির একটি শপিং মলের বেঞ্চে স্ক্রিপাল ও তাঁর মেয়ে ইউলিয়াকে সংজ্ঞাহীন অবস্থায় পাওয়া যায়। পুলিশ জানায়, তাঁদের উপর নার্ভ গ্যাস প্রয়োগ করা হয়েছিল। এই ঘটনায় রাশিয়ার বিরুদ্ধে অভিযোগ খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়ার জন্য ব্রিটিশ প্রধানমন্ত্রী টেরেসা মের উপর চাপ বাড়ছে। ব্রিটিশ বিদেশমন্ত্রী বরিস জনসন এবং প্রতিরক্ষামন্ত্রী গবিন উইলিয়ামসন ব্যবস্থা নেওয়ার জন্য প্রধানমন্ত্রীর উপর চাপ সৃষ্টি করছেন। তাঁদের ধারণা, রুশ প্রেসিডেন্টের অনুমতিতেই স্ক্রিপালের উপর হামলা চালানো হয়েছে। এখন রাশিয়ার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে নিষেধাজ্ঞা আরোপের পাশাপাশি রুশ কূটনীতিকদের বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হতে পারে। শেষপর্যন্ত তেমন কোনো সিদ্ধান্ত নেওয়া হলে ব্রিটেন–রাশিয়া সম্পর্কের যে অবনতি হবে, তাতে কোনো সন্দেহ নেই। অন্যদিকে সদ্য প্রাক্তন মার্কিন বিদেশ সচিব রেক্স টিলারসনও বলেছেন, দেখেশুনে মনে হচ্ছে এই ঘটনার পিছনে রাশিয়ার হাত রয়েছে। মার্কিন বিদেশ দপ্তর এক আলাদা বিবৃতিতে বলেছে, 'রাশিয়া এমন একটি দায়িত্বজ্ঞানহীন দেশ যারা গোটা বিশ্বে অস্থিরতা সৃষ্টি করে। তাদের কার্যকলাপে অন্য দেশের সার্বভৌমত্ব বিপন্ন হয়ে ওঠে।'

ম্যাক্রঁর দুষ্টু হাসি নিয়ে চর্চা নেট দুনিয়ায়

নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ ভারত সফরে এসেছেন বিদেশি রাষ্ট্রপ্রধান। তাঁকে 'জাদু কি ঝাপ্পি' দিচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। গত চার বছরে বারবার ক্যামেরাবন্দি হয়েছে সেই ছবি। করমর্দন থেকে কোলাকুলি, বিদেশনীতিতে পূর্বসূরিদের চেয়ে কতটা ব্যতিক্রমী মোদি তা নিয়ে চর্চাও হয়েছে বিস্তর। সম্প্রতি ভারতে এসেছিলেন ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রঁ। ভারতীয় প্রধানমন্ত্রীর 'ঝাপ্পি' থেকে তিনিও বঞ্চিত হননি। নয়াদিল্লিতে হাসিমুখেই একে অন্যকে জড়িয়ে ধরেন দুই রাষ্ট্রপ্রধান। আর সেই হাসি নিয়েই চর্চা শুরু হয়েছে নেটিজেন মহলে। তবে এক্ষেত্রে আলোচনার কেন্দ্রবিন্দু মোদি নন ম্যাক্রঁ। ফরাসি প্রেসিডেন্টের হাসির ধরন নিয়ে নানা মুনির নানা মত। টুইটারে একজন মন্তব্য করেছেন, দুষ্টু হাসি হেসে যাবতীয় প্রচারের আলো নিজের দিকে টেনে নিয়েছেন ম্যাক্রঁ। কেউবা 'খুব ঘনিষ্ঠ নয় কি' লিখে প্রশ্নবোধক চিহ্ন যোগ করেছেন। সোমবার বেনারসে ফ্রান্সের সাহায্যে তৈরি একটি সৌরবিদ্যুৎ কেন্দ্রের উদ্‌বোধন করেছিলেন মোদি–ম্যাক্রঁ। সেই ঘটনার রেশ টেনে একজন লিখেছেন, 'টাকা দেওয়ার জন্য ধন্যবাদ ভাই।' তার ঠিক নীচেই অন্য একজনের টুইট, 'মনে রেখো সুদ সহ ফেরত দিতে হবে কিন্তু।' প্যারিসের ল্যুভের মিউজিয়ামে রাখা লিওনার্দো দ্য ভিঞ্চির আঁকা মোনালিসার হাসি নিয়ে গবেষণা কম হয়নি। তবে মোনালিসাকে ভুলে আপাতত ম্যাক্রঁর হাসিতেই মজে নেট দুনিয়া।

সরকার–তালিবান কথা হোক, চায় আমেরিকা

কাবুল, ১৩ মার্চ ঃ আফগানিস্তানে লড়াইয়ের ময়দানে যে জয় সম্ভব নয়, আমেরিকা এতদিনে তা বুঝে গিয়েছে। সেই কারণে তারা এখন কূটনীতির পথে এগোনোর চেষ্টা করছে। আমেরিকার এখন লক্ষ্য, যেকোনোভাবে আফগান সরকারের সঙ্গে আলোচনায় তালিবানদের হাজির করানো। কাবুল সফরে গিয়ে মার্কিন প্রতিরক্ষা সচিব জিম ম্যাটিস আমেরিকার এই অবস্থান স্পষ্ট করে দিয়েছেন। তিনি বলেছেন, 'আফগানিস্তানে জয়ই আমাদের লক্ষ্য। তবে সেই জয় যুদ্ধক্ষেত্রে নয়, রাজনৈতিক আলোচনার মাধ্যমেই আসবে।' ইতিমধ্যে মার্কিন প্রশাসনের আধিকারিকরা কাতারে তালিবানদের রাজনৈতিক প্রতিনিধিদের কাছে এ ব্যাপারে বার্তা পাঠিয়েছেন। তবে রাজনৈতিক সমাধানের ক্ষেত্রে আমেরিকার ভূমিকা নিয়ে বেশ কিছু দেশের সংশয় রয়েছে। অন্যদিকে, মার্কিন গোয়েন্দা সংস্থাগুলোর ধারণা, এই বছরে আফগানিস্তানে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হবে। তালিবানদের হামলার ঘটনা বাড়তে থাকবে।

মার্কিন সংস্থা অধিগ্রহণের চেষ্টা আটকালেন ট্রাম্প

ওয়াশিংটন, ১৩ মার্চ ঃ ১৪০ বিলিয়ন ডলার খরচ করে মার্কিন সংস্থা কুয়ালকমের অধিগ্রহণে উদ্যোগী হয়েছিল সিঙ্গাপুরভিত্তিক সংস্থা ব্রডকম। কিন্তু জাতীয় নিরাপত্তার প্রশ্ন তুলে সেই চেষ্টা আটকে দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ব্রডকম বলেছে, মার্কিন প্রেসিডেন্টের এই যুক্তির সঙ্গে তারা একমত নয়। তাদের বক্তব্য, এই সমঝোতা কার্যকর হলে বিশ্বের তৃতীয় বৃহৎ মাইক্রোচিপস নির্মাতা সংস্থার জন্ম হত। এখন এই শিল্পে সব থেকে এগিয়ে রয়েছে ইন্টেল এবং স্যামসাং। শিল্প বিশেষজ্ঞরা মনে করেন, অধিগ্রহণের প্রক্রিয়া সম্পূর্ণ হলে প্রযুক্তি ক্ষেত্রে তা হত সব থেকে বড়ো অধিগ্রহণের ঘটনা। ৫জি প্রযুক্তির জমানায় মাইক্রোচিপস নির্মাতা সংস্থাগুলোর মধ্যে লড়াই শুরু হয়েছে এবং এ ব্যাপারে এগিয়ে রয়েছে কুয়ালকম।

ট্রাম্পের দেওয়া টাকা ফেরত দিতে চান পর্নস্টার

ওয়াশিংটন, ১৩ মার্চ ঃ দনালদ ট্রাম্পের সঙ্গে সম্পর্কের ব্যাপারে মুখ বন্ধ রাখতে মার্কিন পর্ণ তারকা স্তেফানি ক্লিফোরডকে ১ লক্ষ ৩০ হাজার ডলার দিয়েছিলেন ট্রাম্পের আইনজীবী মাইকেল কোহেন। পর্ণ তারকা এখন সেই অর্থ ফেরত দিতে চান। স্তেফানির এমন সিদ্ধান্তের কারো, তিনি এখন ট্রাম্পের সঙ্গে সম্পর্ক নিয়ে খোলামেলা আলোচনা করতে চান। তিনি এখন গোটা পৃথিবীকে জানাতে চান, ট্রাম্পের সঙ্গে তাঁর কেমন সম্পর্ক ছিল, কতটা ঘনিষ্ঠ ছিল সেই সম্পর্ক এবং কীভাবে তাঁর মুখ বন্ধ করার চেষ্টা হয়েছিল। তাঁর আইনজীবী ইতিমধ্যেই এ ব্যাপারে ট্রাম্পের আইনজীবীকে চিঠি লিখেছেন। স্তেফানির আইনজীবী মাইকেল অ্যাভেনাত্তি বলেছেন, তাঁর মক্কেলের এই প্রস্তাব যদি মানা না হয় তাহলে বুঝতে হবে ট্রাম্প এবং তাঁর আইনজীবী স্তেফানির মুখ বন্ধ করার চেষ্টা করছেন।

যক্ষ্মামুক্ত ভারত গড়ার ডাক

নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ যক্ষ্মামুক্ত ভারত গড়তে এবং রোগ নির্মূল করতে ব্যবস্থা নেওয়ার কথা বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি বলেন, 'আমাদের লক্ষ্য হল, ২০২৫ সালের মধ্যে ভারতকে যক্ষ্মামুক্ত করা। আজ যক্ষ্মামুক্ত ভারত গড়ার প্রচারের সূচনা করেন প্রধানমন্ত্রী। তিনি জানান, এই রোগকে নির্মূল করতে বিশ্বব্যাপী চেষ্টা যে হয়েছে, তা এখনও সফল হয়নি। যক্ষ্মা নিরাময়ে কেন্দ্রীয় সরকার একটি নীতি নিয়ে চলছে। তা হল প্রথম সুযোগেই যক্ষ্মা রোগীকে ভালো চিকিৎসা দিতে হবে। এর জন্য বেসরকারি চিকিৎসা সংস্থাগুলির সঙ্গেও সমন্বয় গড়ে তুলছে সরকার। তিনি বলেন, এখনও পর্যন্ত ৯০ শতাংশ মানুষকে যক্ষ্মার টিকা দেওয়া সম্ভব হয়েছে।

মঙ্গলবার যোধপুর বিমানবন্দরে হিলারি ক্লিনটন। – পিটিআই

ট্রাফিক কনট্রোল না চালক

কার গাফিলতিতে দুর্ঘটনা, চাপানউতোর

কাঠমান্ডু, ১৩ মার্চ ঃ ভুল রানওয়েতে নামার জন্য কাঠমান্ডুর ত্রিভুবন বিমানবন্দরে বাংলাদেশি বিমানটি ভেঙে পড়ে। প্রাথমিক তদন্তে এই তথ্য উঠে এসেছে। যদিও এই ভুলের পিছনে দায় বিমানবন্দরের ট্রাফিক কনট্রোলের না কি বিমানচালকের, তা নিয়ে সংশয় যাচ্ছে না। দু–পক্ষের পরস্পরবিরোধী মন্তব্যের জেরে দুর্ঘটনার প্রকৃত কারণ নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে। বিমান ভেঙে পড়ার ঘটনায় নেপালি কর্তৃপক্ষ পাইলটদের দায়ী করলেও বিমান সংস্থা ইউএস বাংলা দুর্ঘটনার জন্য দায়ী করেছে নেপালের ত্রিভুবন বিমানবন্দরের ভুল সংকেতকে। সোমবার নেপালে বাংলাদেশের ইউএস বাংলা এয়ারলাইন্সের বিমান দুর্ঘটনায় ৪৯ জনের মৃত্যু হয়। যাত্রীদের মধ্যে গুরুতর আহত ১৬ জনের চিকিৎসা চলছে। ত্রিভুবন বিমানবন্দরের কর্তৃপক্ষের দাবি, বিমানের পাইলট কাঠমান্ডু এটিসির নির্দেশ অমান্য করেন বলেই দুর্ঘটনা ঘটেছে। তাদের দাবি, বিমানচালক তাদের বার্তা অমান্য করে ভুল দিকে নেমে পড়েন। বিমানটি নামার অনুমতি পাওয়ার একটু পরেই চালক বলেন, তিনি উত্তর দিক দিয়ে নামতে চান। বিমানবন্দরের এটিসি তখন জানতে চায়, বিমানে কোনো গোলমাল হয়েছে কি না। চালক বলেন, না। বিমানবন্দর কর্তৃপক্ষের আরও দাবি, বিমানটি রানওয়ের উপর দিয়ে ঠিকভাবে দৌড়োচ্ছিল না। টাওয়ার থেকে বার বার জানতে চাওয়া হয়, চালক সুস্থ কি না। তিনি ইতিবাচক জবাব দেন। পাইলটের সঙ্গে এটিসির যে কথাবার্তা হয়, তার রেকর্ড প্রকাশিত হয়েছে। ওই কথোপকথন থেকে স্পষ্ট, বিমান কোন দিকে নামবে তা নিয়ে এটিসির সঙ্গে পাইলটের মতের ফারাক ছিল। যদিও ইউএস বাংলা এয়ারলাইন্সের সিইও ইমরান আসিফের পালটা অভিযোগ, কাঠমান্ডু এয়ার ট্রাফিক কনট্রোল ভুল সংকেত দিয়েছিল। তাই পাইলট বুঝতে পারেননি, কোথায় বিমান নিয়ে নামতে হবে। সেই কারণেই দুর্ঘটনা ঘটেছে। বিমানে কোনো যান্ত্রিক ত্রুটি ছিল না বলেও দাবি করেন ইমরান। তাঁর বক্তব্য, বিমানটি ভেঙে পড়ার আগে ক্যাপটেন আবিদ হাসানের সঙ্গে কাঠমান্ডু এটিসির যে বার্তা বিনিময় হয়, তা থেকে পরিষ্কার, পাইলটকে ভুল তথ্য দেওয়া হয়েছিল। পাইলট আবিদ হাসানের হয়ে সওয়াল করে ইউএস বাংলার জনসংযোগ আধিকারিক কামরুল ইসলাম বলেন, বিএস–২১১–র দুর্ঘটনার জন্য চালককে দোষ দেওয়া যায় না। বিমান চালানোর প্রচুর অভিজ্ঞতা আবিদের ছিল। এর আগে কাঠমান্ডুতেও তিনি শতাধিকবার বিমান নামিয়েছেন।

বাংলাদেশের অসামরিক বিমানমন্ত্রকের চেয়ারপার্সন এয়ার ভাইস মার্শাল এম নইম হাসান জানিয়েছেন, তাঁরা তিন সদস্যের একটি তদন্ত দল গঠন করেছেন। ওই দলটি নেপালে গিয়ে তদন্ত শুরু করেছে। সোমবার সন্ধ্যায় বিমানের ব্ল্যাক বক্স উদ্ধার হওয়ায়, দুর্ঘটনার আসল কারণ খুব শীঘ্রই জানা যাবে বলে আশা করা হচ্ছে। ঘটনাচক্রে মঙ্গলবার সকালেই ইউএস বাংলার বিধ্বস্ত বিমানের চালক আবিদ হাসানের মৃত্যু হয়। গতকালই মৃত্যু হয় বিমানের সহচালক পৃথুলা রশিদ সহ অন্য তিন ক্রুর। এদিকে, ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরের এটিসির দায়িত্বে থাকা ৬ আধিকারিককে এদিন বদলি করে দেওয়া হয়েছে। তবে এটা শাস্তিমূলক বদলি নয় বলে দাবি করেছেন নেপালের অসামরিক বিমানমন্ত্রকের প্রধান রাজন পোখরাল। তিনি বলেন, মানসিক চাপ কাটাতেই এঁদের বদলি করা হয়েছে। এদিকে বিমান দুর্ঘটনায় পড়েও অল্পের জন্য প্রাণরক্ষা হয় কয়েকজন যাত্রীর। তাঁদের অন্যতম শাহরিন আহমেদ ভয়াবহ অভিজ্ঞতার বর্ণনা দিয়ে বলেন, 'সোমবার দুপুর সাড়ে বারোটায় ঢাকা বিমানবন্দর থেকে বিমান উড়েছিল। আড়াইটে নাগাদ কাঠমান্ডু পৌঁছে পাইলট বিমান নামানোর চেষ্টা করেন। পারেননি। পরে বেশ কিছুক্ষণ আকাশে চক্কর দেওয়ার পর দ্বিতীয়বার নামার চেষ্টা করেন তিনি। তখনই বিমানের একদিকটা উঁচু হয়ে যায়। বিমানটা প্রচণ্ড কাঁপতে থাকে। আর তখনই ক্র্যাশ করে বিমানটা। বিমান যে দুর্ঘটনায় পড়তে যাচ্ছে, এমন কোনো সতর্কবার্তা পাইলট বা কেবিন ক্রুরা দেননি যাত্রীদের।' শাহরিন বলেন, দুর্ঘটনার সময় তিনি খুব ভয় পেয়ে গেলেও আগাগোড়া তাঁর জ্ঞান ছিল। চোট–আঘাতও তাঁর লাগেনি। দুর্ঘটনার ২০ মিনিট পর উদ্ধারকারীরা এলে তিনি হেঁটেই অ্যাম্বুল্যান্সে ওঠেন।

ত্রিভুবন বিমানবন্দরের কর্তৃপক্ষের দাবি, বিমানের পাইলট কাঠমান্ডু এটিসির নির্দেশ অমান্য করেন বলেই দুর্ঘটনা ঘটেছে। তাদের দাবি, বিমানচালক তাদের বার্তা অমান্য করে ভুল দিকে নেমে পড়েন।

ইউএস বাংলা এয়ারলাইন্সের সিইও ইমরান আসিফের পালটা অভিযোগ, কাঠমান্ডু এয়ার ট্রাফিক কনট্রোল ভুল সংকেত দিয়েছিল। তাই পাইলট বুঝতে পারেননি, কোথায় বিমান নিয়ে নামতে হবে। সেই কারণেই দুর্ঘটনা ঘটেছে।

তেল বিক্রি করে ডলার নয়, টাকা চায় ভেনেজুয়েলা

নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ টাকার বদলে ভারতকে খনিজ তেল রপ্তানির প্রস্তাব দিল ভেনেজুয়েলা। সেদেশের বিদেশমন্ত্রী জর্জে আরেজা জানান, 'ভারতকে চাহিদা মতো তেলের জোগান দিতে তৈরি ভেনেজুয়েলা। তবে তেলের দাম ডলারের বদলে টাকায় মেটাতে হবে।' সাধারণত আন্তর্জাতিক বাণিজ্যে ডলারেই পণ্য কেনাবেচা চলে। সেদিক থেকে ভেনেজুয়েলার প্রস্তাব যথেষ্ট অভিনব। সোমবার দিল্লি সফরে এসে বিদেশমন্ত্রী সুষমা স্বরাজের সঙ্গে বৈঠকে বসেন ভেনেজুয়েলার বিদেশমন্ত্রী।

ভারতীয় অর্থমন্ত্রক সূত্রে খবর, ভেনেজুয়েলার প্রস্তাব খতিয়ে দেখছে কেন্দ্র। বর্তমানে ইরান ও ভুটানের সঙ্গে ভারতীয় টাকায় লেনদেন চলে। তবে এশিয়া মহাদেশের বাইরের কোনো দেশের সঙ্গে ভারতীয় মুদ্রায় বাণিজ্যের নজির নেই বললেই চলে। অর্থমন্ত্রকের এক আধিকারিক জানিয়েছেন, ভারতে দ্বিতীয় বৃহত্তম তেল রপ্তানিকারক দেশ ভেনেজুয়েলা। আর্থিক সংকটের জেরেই টাকার বদলে ভারতকে তেল বিক্রি করতে চাইছে তারা। অর্থনৈতিক দুরবস্থার জেরে ভেনেজুয়েলায় খাদ্য সংকট দেখা দিয়েছে। নাগরিক পরিসেবাও প্রশ্নের মুখে পড়েছে। তেল বিক্রি করে পাওয়া টাকায় ভারত থেকে খাদ্যশস্য ও নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র কেনার সুযোগ পাবে লাতিন আমেরিকার দেশটি। সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে আরেজা বলেন, তুরস্ক, চিন ও রাশিয়ার সঙ্গে এই ধরনের চুক্তি করেছে ভেনেজুয়েলা। দেশের অর্থনৈতিক দুরবস্থার জন্য আমেরিকাকে দায়ী করেছেন তিনি। আরেজা জানিয়েছেন, ডোনাল্ড ট্রাম্প মার্কিন প্রেসিডেন্টের দায়িত্ব নেওয়ার পর থেকেই দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের অবনতি ঘটে। ভেনেজুয়েলার বিরুদ্ধে অর্থনৈতিক অবরোধ জারি করেছে মার্কিন সরকার। এর জেরে আমেরিকা ও ইউরোপের দেশগুলির সঙ্গে ভেনেজুয়েলার বাণিজ্য প্রভাবিত হচ্ছে। আন্তর্জাতিক বাজারে ডলারের অনুপাতে ভেনেজুয়েলার টাকার দাম পড়েছে। ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো সহ ৪৪ জন নাগরিকের বিরুদ্ধেও নিষেধাজ্ঞা জারি করেছে আমেরিকা। তবে আগামী নির্বাচনে প্রেসিডেন্ট পদে মাদুরো ফের নির্বাচিত হবেন বলে দাবি আরেজার।

নতুন মন্ত্রক গড়ে কাজে গতি আনতে চান জিনপিং

বেজিং, ১৩ মার্চ ঃ আজীবন চিনের প্রেসিডেন্ট পদে থাকা নিশ্চিত হওয়ার পর এবার সংস্কারে মন দিলেন শি জিনপিং। কমিউনিস্ট শাসনের ইতিহাসে এই প্রথম চিনে বড়ো আকারে দপ্তর পুনর্বিন্যাস হতে চলেছে। জিনপিংয়ের অর্থনৈতিক পরামর্শদাতা লিউ হি'কে উদ্ধৃত করে সেদেশের সরকারি সংবাদমাধ্যম পিপলস ডেইলি জানিয়েছে, মাও জে দংয়ের মৃত্যুর পর গত ৪০ বছরে সরকারি মন্ত্রকগুলির বিন্যাস একই রয়ে গিয়েছে। সরকারি কাজে গতি আনতে সেই কাঠামোয় বদল আনা জরুরি। একাধিক ছোটো মন্ত্রককে যুক্ত করে বড়ো মন্ত্রক তৈরি করা হবে বলে জানিয়েছেন লিউ। পাশাপাশি বেশ কিছু নতুন মন্ত্রকও গঠন করার কাজ শুরু হয়েছে। ব্যাংক ও বিমা সংক্রান্ত মন্ত্রকগুলিকে যুক্ত করা হবে। কৃষিকে গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন দপ্তরের সঙ্গে জুড়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে চিন সরকার। এছাড়া প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ, বাস্তুতন্ত্র, জরুরি বিভাগ, সংস্কৃতি ও পর্যটন, জাতীয় স্বাস্থ্যমন্ত্রকের মতো ৭টি নতুন দপ্তর তৈরির কাজ শুরু করেছে সরকার। বর্তমানে পরিবেশ, স্বাস্থ্য, পর্যটনের মতো বিষয়গুলি একাধিক দপ্তরের মধ্যে বিভক্ত রয়েছে। আগামী দিনে সেই ব্যবস্থায় কেন্দ্রীকরণ আনা হবে। কয়েকমাসের মধ্যেই নতুন মন্ত্রকগুলি কাজ শুরু করবে।

নতুন ব্যবস্থায় কিছু মন্ত্রক নির্দিষ্টভাবে স্টেট কাউন্সিলের কাছে জবাবদিহি করতে বাধ্য থাকবে। সরকারি বিভাগগুলির মধ্যে ২৬টির কাজকর্ম তত্ত্বাবধানের দায়িত্ব দেওয়া হয়েছে কাউন্সিলকে। পাশাপাশি মন্ত্রী পর্যায়েও বেশ কিছু বদল আনা হতে পারে বলে সেদেশের সংবাদমাধ্যম জানিয়েছে। লিউয়ের বক্তব্য, ২০১৫ সালে চিনের শেয়ারবাজারে ধস নামার পর থেকেই মন্ত্রক পুনর্বিন্যাসের বিষয়টি খতিয়ে দেখছে চিন সরকার। বাজারের পতনের কারণ খুঁজতে গিয়ে সরকার বুঝতে পেরেছে সংশ্লিষ্ট বিভাগগুলির মধ্যে সমন্বয়ের অভাবেই এই ধরনের পরিস্থিতি দেখা দিয়েছিল। এজন্য প্রাথমিকভাবে অর্থসংক্রান্ত বিভাগগুলিকে এক ছাতার তলায় নিয়ে আসার সিদ্ধান্ত হয়েছিল। চিনের কেন্দ্রীয় ব্যাংক 'পিপলস ব্যাংক অফ চায়না'র ক্ষমতা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন প্রেসিডেন্ট শি জিনপিং। বেশ কিছু ব্যাংককে কেন্দ্রীয় ব্যাংকের সঙ্গে মিশিয়ে দেওয়ার কাজ শুরু হয়েছে। পরবর্তীকালে অন্যান্য বেশ কিছু বিভাগের ক্ষেত্রেও এই নীতি গ্রহণ করা হয়। পর্যবেক্ষকদের মতে, এর ফলে সরকারি সিদ্ধান্তগুলি দ্রুত কার্যকর করা সম্ভব হবে। প্রশাসনিক খরচেও রাশ টানা সম্ভব হবে।

এখনও সাড়া দেননি কিম

সিওল, ১৩ মার্চ ঃ মার্কিন প্রেসিডেন্টের সঙ্গে বৈঠকের ব্যাপারে উত্তর কোরিয়ার নেতা কিম জং উন আর উচ্চবাচ্য করেননি বলে জানিয়েছে দক্ষিণ কোরিয়া। তারাই ট্রাম্পের সঙ্গে কিমের বৈঠকের ব্যাপারে মধ্যস্থতা করছিল। দক্ষিণ কোরিয়ার সরকারি মুখপাত্র জানিয়েছেন, উত্তর করিয়া–আমেরিকা বৈঠক নিয়ে এখনও পর্যন্ত পিয়ংইয়ংয়ের কাছ থেকে আনুষ্ঠানিক সাড়া পাওয়া যায়নি। দক্ষিণ কোরিয়ার সরকারি মুখপাত্রের ধারণা, খুব সতর্ক হয়ে তারা বৈঠকের বিষয়টি বিবেচনা করছে এবং নিজেদের অবস্থান সম্পর্কে স্পষ্ট হতে তাদের সময় প্রয়োজন। এর আগে কিমের সঙ্গে বৈঠকের ব্যাপারে ট্রাম্পের ইতিবাচক মনোভাব দেখা গিয়েছিল। টুইট বার্তায় তিনি বলেছিলেন, 'উত্তর কোরিয়ার সঙ্গে বৈঠকের সম্ভাবনাই বেশি এবং ওই বৈঠক হবে। যদি বৈঠক ঠিকমতো শেষ হয় তাহলে তা গোটা বিশ্বের জন্য খুবই ভালো হবে।' তবে দুই নেতার বৈঠকের খুঁটিনাটি এখনও স্পষ্ট নয়। কবে এবং কোথায় ওই বৈঠক হবে, তা নিয়ে ধোঁয়াশা রয়েছে।

স্থাবর সম্পত্তিই ৪৬০ কোটি

জয়াই ধনীতম সাংসদ

নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ উত্তরপ্রদেশ থেকে রাজ্যসভায় সমাজবাদী পার্টির মনোনীত প্রার্থী অভিনেত্রী জয়া বচ্চন তাঁর মনোনয়নপত্র জমা দেওয়ার সময় সম্পত্তির পরিমাণ দেখিয়েছেন এক হাজার কোটি টাকা। এই হিসাব অনুযায়ী বর্তমানে জয়া বচ্চনই সংসদের সবচেয়ে ধনী সাংসদ। রাজ্যসভার জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার সময় জয়া জানান, স্বামী অমিতাভ বচ্চনের সঙ্গে তাঁর যে স্থাবর সম্পত্তি রয়েছে, তার মূল্য ৪৬০ কোটি টাকারও বেশি। অন্যদিকে, তাঁদের অস্থাবর সম্পত্তির মূল্য ৫৪০ কোটি টাকা। ২০১২ সালে রাজ্যসভার ভোটে মনোনয়নপত্র জমা দেওয়ার সময় জয়া–অমিতাভ বচ্চনের স্থাবর–অস্থাবর সম্পত্তির মূল্য ছিল ৪৯৩ কোটি টাকা।

অমিতাভ–জায়া এবার যে হলফনামা জমা দিয়েছেন, তাতে বলা হয়েছে, তাঁদের কাছে ৬২ কোটি টাকার গয়না রয়েছে। এছাড়া ১২টি গাড়ি রয়েছে, যার বর্তমান বাজার মূল্য ১৩ কোটি টাকা। গাড়ির তালিকায় আছে একটি রোলস রয়েস, তিনটি মার্সেডিজ বেনজ, একটি পোর্শে ও একটি রেঞ্জরোভার। অমিতাভ বচ্চনের একার নামে রয়েছে একটি ন্যানো গাড়ি ও একটি ট্র্যাক্টর। অমিতাভের সংগ্রহে যেসব ঘড়ি রয়েছে, তার মূল্য ৩ কোটি ৪০ লক্ষের বেশি। অন্যদিকে, জয়া বচ্চনের সংগৃহীত যেসব ঘড়ি আছে, তার মূল্য প্রায় ৫১ লক্ষ। বচ্চন দম্পতির নামে ফ্রান্সে একটি ৩১৭৫ বর্গ মিটারের আবাসিক সম্পত্তি রয়েছে। এছাড়া নয়ডা, ভুপাল, পুনে, আমেদাবাদ ও গান্ধিনগরেও রয়েছে তাঁদের বেশকিছু স্থাবর সম্পত্তি।

লখনউয়ে কাকরি অঞ্চলে জয়ার একার নামেই রয়েছে ২২ হেক্টরের কৃষিজমি। যার বাজার মূল্য প্রায় ২ কোটি ২০ লক্ষ টাকা। অন্যদিকে, অমিতাভ বচ্চনের নামে উত্তরপ্রদেশের বারাবতি জেলার দৌলতপুরে রয়েছে ৩ একর কৃষিজমি। যার মূল্য ৫ কোটি ৭০ লক্ষ টাকা। জয়া বচ্চনের দেখানো সম্পত্তির পরিমাণ ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় প্রকাশ পাওয়ায় তা নিয়ে রাজধানীর রাজনৈতিক মহলে গুঞ্জন শুরু হয়েছে।

কেজরিওয়ালের পরামর্শদাতার পদত্যাগ

নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ পদত্যাগ করলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের পরামর্শদাতা ভিকে জৈন। সম্প্রতি মুখ্যমন্ত্রীর বাসভবনে আপ বিধায়কদের হাতে দিল্লির মুখ্যসচিব অনসু প্রকাশের হেনস্তার ঘটনায় জৈনকে জেরা করেছিল পুলিশ। এরপরেই তাঁর পদত্যাগের ঘটনায় রাজনৈতিক মহলে বিতর্ক দানা বেঁধেছে। মঙ্গলবার মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের দপ্তরে ও লেফটেন্যান্ট গভর্নরের কাছে পদত্যাগপত্র পাঠিয়েছিলেন তিনি। জৈনের ঘনিষ্ঠ মহলের দাবি, ব্যক্তিগত কারণে পদত্যাগ করেছেন তিনি। গতবছর সেপ্টেম্বর মাসে ভিকে জৈনকে পরামর্শদাতা নিয়োগ করেছিলেন কেজরিওয়াল।

খাদে বাস, মৃত ১১

দেরাদুন, ১৩ মার্চ ঃ যাত্রীবোঝাই একটি বাস খাদে পড়ে মৃত্যু হয়েছে কমপক্ষে ১১ জনের। গুরুতর আহত হয়েছেন আরও ১৩ জন। মঙ্গলবার সকালে ঘটনাটি ঘটেছে উত্তরাখণ্ডের নৈনিতাল জেলায়। পুলিশ জানায়, ২৪ জন যাত্রী নিয়ে বাসটি আলমোড়া জেলার দেঘাট থেকে নৈনিতালের রামনগরের দিকে যাচ্ছিল। সকাল ১০টা নাগাদ আলমোড়া–রামনগর সড়ক দিয়ে যাওয়ার পথে টোটামের কাছে বাসটি খাদে পড়ে যায়। তারপর পুলিশ ও বিপর্যয় মোকাবিলা বাহিনী ঘটনাস্থলে গিয়ে হতাহতদের উদ্ধার করে। বাসটি খাদে পড়ার কারণ এখনও জানা যায়নি। এই দুর্ঘটনায় শোকপ্রকাশ করে টুইট করেছেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী ত্রিবেন্দ্র সিং রাওয়াত। আহতদের চিকিৎসার বন্দোবস্ত করতে নৈনিতাল জেলা প্রশাসনকে নির্দেশও দিয়েছেন তিনি।

শুটিং করতে রাজা ভোজ বিমানবন্দরে বরুণ ধাওয়ান। – পিটিআই

আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য
৯৪৩৪৩১৭৩৯১

মেষ ঃ ঠান্ডা মাথায় কাজ করুন। সন্তানের প্রতি রুষ্ট হতে পারেন। বাতের ব্যথায় কাতর হবেন। গৃহে অতিথিসমাগম। **বৃষ ঃ** ব্যবসায় অন্য পরিকল্পনার সার্থক রূপায়ণ হবে আজ। শরীর মোটামুটি যাবে। নিজের কর্মদক্ষতায় সহকর্মীদের দ্বারা প্রশংসিত হবেন। **মিথুন ঃ** ব্যবসা চলবে ভালো। রত্ন, বস্ত্র, কেমিক্যাল দ্রব্যের ব্যবসায়ীরা নতুন বরাত পাবেন। মায়ের স্বাস্থ্য নিয়ে উদ্‌বেগ কমবে। দাম্পত্যে সামান্য সমস্যা। **কর্কট ঃ** শারীরিকভাবে সুস্থ বোধ করবেন। সম্পত্তি নিয়ে বিরোধ বাড়বে। **সিংহ ঃ** বিদেশে পাঠরত সন্তানের জন্যে দুশ্চিন্তা। দূরে কোথাও যেতে হতে পারে। অসৎ ব্যক্তিদের এড়িয়ে চলুন। **কন্যা ঃ** হঠাৎ কর্মক্ষেত্রে পরিবর্তনের সিদ্ধান্ত নিতে হতে পারে। গৃহে পূজার্চনার উদ্যোগে আনন্দ। সন্তানের চাকুরিপ্রাপ্তিতে স্বস্তি। **তুলা ঃ** গবেষকগণ সাফল্য পাবেন। হারানো দ্রব্য ফেরত পেতে পারেন। জমিজমার বিষয়ে আইনি সিদ্ধান্ত নিতে পারেন। **বৃশ্চিক ঃ** প্রেমের সম্পর্কটি চিরস্থায়ী করার সিদ্ধান্ত নিতে হতে পারে। স্বাস্থ্যভাব মধ্যম। **ধনু ঃ** ব্যবসায় সমস্যা বাড়বে। কর্মচারীদের সঙ্গে সুব্যবহার করুন। জনকল্যাণমূলক কাজে অংশগ্রহণে আনন্দ। ঈশ্বরে বিশ্বাস বাড়বে। **মকর ঃ** অর্থাগম হবে। নিজের দক্ষতায় কর্মক্ষেত্রের জটিলতা মিটিয়ে প্রশংসাপ্রাপ্তি। ক্রীড়াক্ষেত্রের ব্যক্তিগণ প্রয়োজনীয় সুযোগ পাবেন। **কুম্ভ ঃ** পরিবারের সঙ্গে সময় কাটিয়ে আনন্দ লাভ। জমি ও বাড়ি ক্রয় করতে পারেন। **মীন ঃ** অতিভোজনে করলে দুর্ভোগ। কর্মক্ষেত্রের পরিবর্তনে দুশ্চিন্তা। পথে সাবধানে চলুন।

দিনপঞ্জি

গুপ্তপ্রেস ডাইরেক্টরি পঞ্জিকা মতে আজ বুধবার ইং ১৪ মার্চ, ২৯ ফাল্গুন, অ ২৯ ফাল্গুন, মুং ২৫ জমাঃসানি, ফঃ ১২ চৈত্র, সম্বৎ ১২ চৈত্র বদি। কুম্ভ দং ৩।৪৭।২৪ থেকে উদয় সিংহ ৫।২৩।৪২ বিঃ গতে অস্ত। সূর্যোদয় ঘ ৫।৫১।২৬ সূর্যাস্ত ঘ ৫।৪০।২৫। দ্বাদশী ঘ ৩।১৪।৫৮। শ্রবণানক্ষত্র ঘ ২।৫০।৫২। শিবযোগ ঘ ৯।৩৩।৫৪। কৌলবরণ ঘ ২।৮।৩৪ থেকে তৈতিলকরণ। পূর্বদিনের রাশির চন্দ্রশুদ্ধ। পূর্বদিনের নক্ষত্রের ও রাত্রি ঘ ১২।১৫।১৬ থেকে ২।৪।৬।৭।৯।১১।১৩।১৫।১৬।১৮।২০।২২।২৪।২৫।২৭ নক্ষত্রের তারাশুদ্ধ। জন্মে–মকররাশি বৈশ্যবর্ণ নরগণ অষ্টোত্তরী বুধের ও বিংশোত্তরী রাহুর দশা। অপরাহ্ন ঘ ৪।৪।৫২ থেকে রাক্ষসগণ বিংশোত্তরী বৃহস্পতির দশা। মৃতে–ত্রিপাদদোষ, রাত্রিশেষ ঘ ৫।২৪।৫ থেকে দোষোনাস্তি, অপরাহ্ন ঘ ৪।৪।৫২ থেকে দ্বিপাদদোষ। বায়ুকোণে যোগিণী, ঘ ১২।৩৭।৪৯ থেকে ঈশানে। কালবেলা ঘ ৮।৫৬।৪৬ থেকে ১০।২২।৫৯ সেঃ মধ্যে। বারবেলা ঘ ১১।৫০।৩৮ থেকে ১।১৩।৩৭ সেঃ মধ্যে। কালরাত্রি ঘ ৩।৪।৪১ থেকে স্ত্রী তৈল মৎস্য মাংসাদি সম্ভোগ ও প্রায়শ্চিত্ত নিষেধ। শুভকর্ম মুখ্যনামকরণ নববস্ত্রপরিধান দেবতাগঠন ক্রয়বাণিজ্য বিপণ্যারম্ভ পুণ্যাহ রাজদর্শন নাট্যারম্ভ ঔষধকরণ ঔষধসেবন শান্তিস্বস্ত্যয়ন হলপ্রবাহ বৃক্ষাদিরোপণ ধান্যস্থাপন ঋণদান ঋণগ্রহণ ধান্যবৃদ্ধিদান শিল্পারম্ভ কারখানারম্ভ কুমারীনাসিকাবেধ কম্পিউটার নির্মাণ ও চালান। ঘ ১২।৮।৩৫ থেকে ৩।৪৯।১২ সেঃ মধ্যে আরোগ্যস্নান। বিবিধ–দ্বাদশীর একোদ্দিষ্ট। পূর্বাহ্ন ঘ ১০।০।৩৫ সেঃ মধ্যে অমৃতযোগ–দিবা ঘ ৭।৭।৪০ সেঃ মধ্যে ও ঘ ৭।২২।২৪ থেকে ৯।৩২।৫০ সেঃ মধ্যে এবং রাত্রি ঘ ১২।৪৩।২১ থেকে ২।২৫।২৩ সেঃ মধ্যে। মাহেন্দ্রযোগ–দিবা ঘ ১।৪৪।৫ থেকে ৩।১৮।৩৭ সেঃ মধ্যে এবং রাত্রি ঘ ৮।৫৫।২১ থেকে ১০।৩২।৪৯ সেঃ মধ্যে।